চুয়াডাঙ্গায় জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদত বার্ষিকী উপলক্ষে ডিসি সাহিত্য মঞ্চ সকাল সাড়ে দশটার সময় জেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

চুয়াডাঙ্গা জেল প্রশাসকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১- আসনের সাংসদ বীর মুক্তিযুদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন)। এ সময় তিনি বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টে এক দল বিপথগামী সেনা সদস্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তাঁর পরিবার ও আত্মীয়-পরিজনসহ নির্মমভাবে হত্যা করে মানব ইতিহাসের জঘন্যতম অপরাধ ঘটিয়েছিল। সেই নির্মম হত্যাকাণ্ডের দিনটিকেই জাতীয় শোক দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে এবং এই দিবসটি বাঙালী জাতি তাদের প্রাণপ্রিয় নেতা বঙ্গবন্ধুর প্রতি আন্তরিক শ্রদ্ধায় অভিভূত হয়, শোকাভিভূত হৃদয়ে শ্রদ্ধার অশ্রু নিবেদন করে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার সাবেক সংরক্ষিত মহিলা সংসদ সদস্য শিরীন নাঈম পুনম, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক।

আলোচনা সভা শেষে জাতীয় শোক দিবস উপলক্ষে শিশু -কিশোরদের নিয়ে আয়োজিত চিত্রাংকন, কবিতা আবৃত্তি ও আমার দেখা বঙ্গবন্ধু শীর্ষক ভিডিও কনটেন্ট প্রতিযোগীতার পুরস্কার বিতরণ করা হয়।

এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন পদমর্যাদার সরকারি কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, স্কুল কলেজের শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ, ইলেকট্রনিক এন্ড প্রিন্ট মিডিয়ার সদস্যবৃন্দ।

[redacted]

[redacted]

জীবননগরে জাতীয় শোক দিবস পালন

জীবননগরে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষ্যে উপজেলার সকল সরকারি বে-সরকারি, শিক্ষা প্রতিষ্ঠান সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত, দো’য়া, আলোচনা সভা, হাসপাতাল ও এতিম খানায় উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান হাফিজ,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার(ভূমি) তিথি মিত্র, জীবননগর থানার অফিসার ইনচাজ এস.এম জাবিদ হাসান,উপজেলা শিক্ষা অফিসার জালাল উদ্দীন, উপজেলা সমাজ সেবা অফিার জাকির হোসেন মোড়ল, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা দীন ইসলাম, পিআইও মোঃ মিজানুর রহমান,একটি বাড়ি একটি খামার প্রকল্পের আব্দুল সাত্তার, উপজেলা একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার, উপজেলা ব্যবস্থাপক ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের শেখ হারুন- অর- রশিদ।এছাড়া জীবননগর উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন, দো’য়া ও আলোচনা সভার আয়োজন করা হয় ।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুলইসলাম, সাধারণ সম্পাদক আবু. মো. আব্দুল লতিফ অমল, সহসভাপতি বজলুর রহমান, পৌর আওয়ামীলীগের সিনিয়ার সহসভাপতি সেকেন্দার মিয়াসহ উপজেলা পৌর ও ইউনিয়ন আওয়ামীলীগ, ছাত্রলীগ, যুবলীগ, কৃষকলীগ, মহিলালীগ ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দগন উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের অপর অংশের জাতীয় শোক দিবস পালন

জাতির জনক বঙ্গবন্ধুর ৪৮তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামীলীগের একাংশের উদ্যোগে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালের দিকে সামসুজ্জোহা পার্ক স্মৃতিসৌধে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন করেন জেলা আওয়ামীলীগের এই অংশটি।

এসময় মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পাদক বিষয়ক সম্পাদক এমএএস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সদস্য ও মুজিবনগর উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান কামরুল হাসান চান্দু, মোফিজুর রহমান, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মহিলা আওয়ামীলীগের উদ্যোগে শোক দিবস পালন

জাতির জনক বঙ্গবন্ধুর ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মেহেরপুর মহিলা আওয়ামী লীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর কোট সড়কে এই আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিনের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, জেলা আওয়ামীলীগের সহসভাপতি ও সদর উপজেলা উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুল মান্নান, জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এমএএস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের সভাপতি ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামীলীগের সদস্য মোফিজুর রহমান, কামরুল হাসান চান্দু, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, বঙ্গবন্ধু পেশাজীবি পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি রেহানা মান্নান, মহিলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক সফুরা খাতুন প্রমুখ। পরে দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৮তম শাহাদৎ বার্ষিকী পালন

নানা কর্মসূচীর মধ্য দিয়ে মেহেরপুরে পালিত হচ্ছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৮তম শাহাদৎ বার্ষিকী।

দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ৯ টার সময় জেলা প্রশাসকের কার্যালয়ে সামনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

জাতীয় শোক দিবসে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির নেতৃত্বে একটি র্যালি বের হয়ে জেলা প্রশাসক কার্যালয়ে সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন।

এ সময় প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন মেহেরপুর জেলা প্রশাসক

শামীম হাসান, পুলিশ সুপার রাফিউল আলম,মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

এরপর একে একে আওয়ামী লীগ ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ, বিভিন্ন সরকারি-বেসরকারী প্রতিষ্ঠান, স্কুল কলেজ, সাংস্কৃতিক সংগঠন সহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন।

এছাড়া দিবসটি ঘিরে দিনব্যাপী স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, শিক্ষা প্রতিষ্ঠানে আলেচনা সভা, ধর্মীয় প্রতিষ্ঠানে দোয়া মোনাজাতের আয়োজন করা হয়েছে।

আমঝুপিতে জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ে ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

জাতীয় শোক দিবস উপলক্ষে ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ের সামনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান।

এসময় উপস্থিত ছিলেন, সাধারন সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন শাখার কৃষকলীগের সভাপতি মহাবুব হক, সাধারন সম্পাদক সাদ আলী।

অনুষ্ঠানে প্রধান অতিধি ছিলেন সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু।

জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন শেষে এক শোক র্যালি আমঝুপি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করেন। র্যালিতে অংশ গ্রহন করেন আওয়ামীলীগের স্থানীয় নেতা জাকির হোসেন টরী, খায়রুজ্জামান টুটুল, আবুল কাশেম, আঃ কাদের, কিতাব আলী, আলামিন, হাজি আব্দুল জলিল, ফারুক হোসেন, আবুল কালামসহ স্থানীয় নেতা কর্মী।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন শোককে শক্তিতে পরিণত করে

আওয়ামীলীগের নেতা কর্মীদের আগামী নির্বাচনের জন্য কাজ করতে হবে। অনুষ্ঠানের দোয়া পরিচালনা করেন আহসানুজ্জামান সাবলু।

অপর দিকে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে পতাকা উত্তোলন করেন, প্রধান শিক্ষক আহম্মদ আলী ও রুহুল আমীন। এসময় উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক আবুল হাসান, রাফিউল ইসলাম, বশির আহমেত, আসাদুল হক, আলহাজ।

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে শোক র্যালি

নানা আয়োজনের মধ্য দিয়ে বঙ্গবন্ধুর শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগ।
আয়োজনের মধ্য ছিল গাংনী বাসস্ট্যান্ড শহীদ রেজাউল চত্তরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলণ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ, শোক র্যালি, আলোচনা সভা, মিলাদ মাহফিল ও কাঙ্গালী ভোজ।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে গাংনীতে স্বরণকালের সর্ববৃহৎ শোক র্যালি অনুষ্ঠিত হয়।

এর আগে উপজেলা আওয়ামী লীগের পক্ষ থেকে গাংনী বাসস্ট্যান্ডের শহীদ রেজাউল চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে অনুষ্ঠিত শোক দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক নজরুল ইসলাম, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি ও তরুণ রাজনীতিক শাহিদুজ্জামান শিপু।

এসময় উপস্থিত ছিলেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল

আহম্মেদ, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, এমপি পত্নি ও মহিলা আওয়ামীলীগের নেত্রী লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, আওয়ামীলীগ নেত্রী আল্পনা, ধানখোলা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আলী আজগর, কাথুলি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল।

এসময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। শোক র্যালি শেষে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। মিলাদ শেষে কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।

গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় শোক দিবস পালন

বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

কর্মসূচীর মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, শোক র্যালী ও আলোচনা সভা ও পুরুস্কার বিতরণী।

আজ মঙ্গলবার সকাল ৮টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমালা অর্পন করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি শিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলীসহ সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

এছাড়াও গাংনী থানার পক্ষে পুষ্পমাল্য অর্পণ করেন থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, উপজেলা যুবলীগের পক্ষ থেকে গাংনী

উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, গাংনী সরকারী ডিগ্রী কলেজ, গাংনী মহিলা ডিগ্রী কলেজ, গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ, গাংনী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, সন্ধ্যানী স্কুল এন্ড কলেজ, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়, গাংনী মহিলা কলেজপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন সংগঠন ও অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন করে।

পরে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতৃ। এসময় বক্তব্য রাখেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহসভাপতি সিরাজুল ইসলাম, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, জেলা আওয়ামীলীগের উপদেষ্টা পরিষদের সদস্য ছাড়াকার ইয়াসিন রেজা, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, আমিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, সাংবাদিক মাজেদুল হক মানিকসহ অন্যান্যরা।

পরে রচনা প্রতিযোগীতা চিত্রাঙ্কন ও ১ মিনিটের ভিডিও কন্টেন্ট তৈরী প্রতিযোগীতায় বিজয়ীদের মধ্যে পুরুস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থাপনায় ছিলেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্ট।

এর আগে সকাল ৭টার দিকে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয়।

মেহেরপুর বিচার বিভাগ কর্তৃক যথাযথ মর্যাদায় জাতীয় শোক

দিবস পালন

মেহেরপুর বিচার বিভাগ কর্তৃক যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর্যের মধ্য দিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালিত হয়েছে। সূর্যোদয়ের সাথে সাথে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত চত্বরে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু করা হয়।

১৫ আগষ্ট সকাল ৯ টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্থবক অর্পন এবং সকাল ৯.৩০ ঘটিকায় জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহর নেতৃত্বে সকল বিচারকবৃন্দের উপস্থিতিতে আদালত চত্ত্বরে ১ টি সফেদা গাছ লাগানো হয়। অতপর মেহেরপুর বিচার বিভাগীগের সকল বিচার, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে শোকসভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ মোঃ শহিদুল্লাহ’র সভাপতিত্বে শোক সভায় বক্তব্য রাখেন মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) মোঃ তোহিদুল ইসলাম, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বকর সিদ্দিক, অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস, যুগ্ম জেলা ও দায়রা জজ এইচ এম কবির হোসেন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস এম শরিয়াতুল্লাহ, সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তরিকুল ইসলাম।

এসময় জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট শারমিন নাহার, জেলা ও দায়রা জজ আদালতের প্রশাসনিক কর্মকর্তা মতিউল আশরাফ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের ভারপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা শেখ মোঃ আহছানুল হক, জেলা জজ আদালতের নাজির ওসমান গনি, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির আসাদুজ্জামান সহ মেহেরপুর বিচার বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে স্বাধীনতার মহান স্থাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাফফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।